সমকাল

তারিখ 21 MAR 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ঢাবিতে রবীন্দ্রনাথ ও অবনীন্দ্রনাথকে নিয়ে বক্তৃতা

■ সমকাল প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উচ্চতর মানববিদ্যা গবেষণা কেন্দ্রের উদ্যোগে গতকাল রোববার আর সি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয় 'অবনীন্দ্রনাথ অ্যান্ড রবীন্দ্রনাথ : এ ক্রিয়েটিভ ডায়ালগ' শীর্ষক এক বিশেষ বক্তৃতা। গবেষণা কেন্দ্রের সভাপতি কথাশিল্পী অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলামের সভাপতিত্বে এতে প্রধান বক্তা ছিলেন শিল্প-ইতিহাসবিদ ও বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রমন শিবকুমার। প্রধান অতিথি ছিলেন ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন শিল্পী রফিকুন নবী। অধ্যাপক রমন শিবকুমার বলেন, 'রবীন্দ্রনাথ ঠাকুর ও অবনীন্দ্রনাথ ঠাকুরের চিন্তা ও শিল্পচর্চায় নানা দিক থেকে সঙ্গতি ছিল। অবনীন্দ্রনাথের ওপর রবীন্দ্রনাথ যথেষ্ট প্রভাব বিস্তার করেছিলেন। অবনীন্দ্রনাথের কাছে রবীন্দ্রনাথ ছিলেন আদর্শ। কিন্তু অবনীন্দ্রনাথের শিল্পকর্ম রবীন্দ্র-দর্শনের কেবল প্রকাশই নয়, বরং তারও ছিল নিজস্বতা।'